মহাপরিচালক এর দপ্তর
বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
ওয়াপদা ভবন, মতিঝিল বা/এ, ঢাকা
ফোনঃ ৯৫৬৪৬৬৫, ৯৫৫২১৯৪
ফ্যাক্সঃ ৮৮০-২-৯৫৬৪৭৬৩
ওয়েবসাইট: www.bwdb.gov.bd

Office of the Director General
Bangladesh Water Development Board
WAPDA Building, Motijheel C/A, Dhaka.
Phone : 9564665, 9552194
Fax : 880-2-9564763
E-mail : dg@bwdb.gov.bd
dg.bwdb.bd@gmail.com

# ২৩ আগষ্ট, ২০১৭ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের এডিপি পর্যালোচনা সভার কার্যবিবরণী

২৩ আগষ্ট, ২০১৭ খ্রিঃ তারিখে ওয়াপদা ভবনস্থ (৪র্থ তলায়) বাপাউবোর্ডের সম্মেলন কক্ষে ২০১৭-১৮ অর্থ বছরের এডিপিভুক্ত প্রকল্পসমূহের ২০ আগষ্ট, ২০১৭ খ্রিঃ তারিখ পর্যন্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভা মহাপরিচালক, বাপাউবো এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় বোর্ডের অতিরিক্ত মহাপরিচালকগণসহ মাঠ পর্যায়ের প্রধান প্রকৌশলীগণ, পূর্ণকালীন প্রকল্প পরিচালকগণ, পানি সম্পদ মন্ত্রণালয়ের প্রতিনিধি এবং বোর্ডের প্রকল্প সংশ্লিষ্ট অন্যান্য কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন (**পরিশিষ্ট 'ক'**)।

**উপস্থাপনা ঃ**

সভার শুরুতেই দেশে অতি সম্প্রতি ঘটে যাওয়া বন্যা পরিস্থিতি মোকাবেলায় বাপাউবো'র মাঠ দপ্তরসমূহের নিরলস শ্রম এবং একনিষ্ঠ প্রচেষ্টার ভূয়সী প্রশংসা করে সভাপতি সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারীগণকে ধন্যবাদ জানান এবং এই কর্মস্পৃহা ভবিষ্যতেও ধরে রাখার আহবান জানান। সভাপতির অনুমতিক্রমে বাপাউবোর্ডের চীফ মনিটরিং আলোচ্যসূচী অনুযায়ী সভার কার্যক্রম পর্যায়ক্রমে উপস্থাপন করেন।

**২৩ আগষ্ট, ২০১৭ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সভার আলোচনা ও সিদ্ধান্তঃ** এডিপি পর্যালোচনা সভায় বোর্ডের অধীনে বাস্তবায়নাধীন ৬৯টি প্রকল্পের অগ্রগতি প্রতিবেদনসহ বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা করা হয়। সভায় নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রমিক নং | আলোচনা | সিদ্ধান্ত | ব্যবস্থা গ্রহণকারী কর্মকর্তা/দপ্তর | সময়সীমা |
|---|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ |
| ১। | সভাপতি সভাকে জানান যে, মাননীয় মন্ত্রী, পানি সম্পদ মন্ত্রণালয় মহোদয় বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের আওতায় বাস্তবায়িতব্য নদী তীর সংরক্ষণ কাজে ১০০% পলিপ্রোপিলিন দিয়ে তৈরি জিওব্যাগ ব্যবহারের জন্য নির্দেশনা দিয়েছেন। এমতাবস্থায়, নির্দেশনাটি প্রতিপালনের জন্য দরপত্রের স্পেসিফিকেশনে পরিবর্তন আনা জরুরী। চীফ মনিটরিং সভাকে অবহিত করেন যে, ১০০% পলিপ্রোপিলিন দিয়ে তৈরিকৃত জিওব্যাগের স্পেসিফিকেশন রেট সিডিউলে ইতোমধ্যে অন্তর্ভুক্ত করা হয়েছে। এমতাবস্থায়, যে সকল নদী তীর সংরক্ষণ কাজে জিওব্যাগ ব্যবহারের সংস্থান রয়েছে, সে সকল কাজের দরপত্রে জিওব্যাগের স্পেসিফিকেশন পরিবর্তন করে ১০০% পলিপ্রোপিলিন দিয়ে তৈরিকৃত জিওব্যাগ ব্যবহারের স্পেসিফিকেশন অন্তর্ভুক্ত করে দরপত্র আহ্বান করার জন্য সভাপতি নির্দেশনা দেন। পূর্বের স্পেসিফিকেশনে কোন দরপত্র আহ্বান করা হয়ে থাকলে এবং দরপত্রটির ফয়সালা না হয়ে থাকলে দরপত্রটি বাতিল করে নতুন স্পেসিফিকেশন দিয়ে স্বল্প সময়ের ব্যবধানে দরপত্রটি পুনঃআহ্বানের জন্য সভাপতি নির্দেশনা দেন। | • বাপাউবো'র আওতায় কোন নদী তীর সংরক্ষণ কাজে জিওব্যাগ ব্যবহারের সংস্থান থাকলে ১০০% পলিপ্রোপিলিন দিয়ে তৈরিকৃত জিওব্যাগ ব্যবহার করতে হবে এবং কাজের দরপত্রে এতদ্সংশ্লিষ্ট স্পেসিফিকেশন অন্তর্ভুক্ত করতে হবে।<br>• জিওব্যাগ ব্যবহারের সংস্থান রাখা যে সকল প্যাকেজের আহ্বানকৃত দরপত্রের ফয়সালা এখনো হয়নি, সে সকল প্যাকেজের দরপত্র বাতিল করে নতুন স্পেসিফিকেশনে স্বল্পতম সময়ে পুনঃদরপত্র আহ্বান করতে হবে। | সকল প্রকল্প পরিচালক/ মাঠ পর্যায়ের সকল বিভাগীয় দপ্তরের নির্বাহী প্রকৌশলীগণ। | অনতিবিলম্বে। |
| ২। | "মনু নদী সেচ প্রকল্পের আওতাধীন কাশিমপুর পাম্প হাউস পুনর্বাসন" শীর্ষক প্রকল্পটি জুন, ২০১৮ এর মধ্যে সমাপ্তির জন্য নির্ধারিত। প্রধান প্রকৌশলী, উত্তর-পূর্বাঞ্চল সভাকে অবগত করেন যে, যথাসময়ে প্রকল্পটির কাজ বাস্তবায়নের স্বার্থে প্রকল্প সংশ্লিষ্ট মাঠ দপ্তরে ১ জন উপ-বিভাগীয় প্রকৌশলী (যান্ত্রিক) এবং ১ জন উপ-সহকারী প্রকৌশলী/শাখা কর্মকর্তা (যান্ত্রিক) পদায়ন করা অতীব জরুরী। এর প্রেক্ষিতে সভাপতি বলেন যে, | বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডে নব-নিযুক্তব্য "উপ-সহকারী প্রকৌশলী/ শাখা কর্মকর্তা (যান্ত্রিক)" -গণের মধ্য থেকে ১ জন কে মৌলভীবাজার যান্ত্রিক বিভাগে পদায়ন করতে হবে। | অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন) | যথাসময়ে। |

| ক্রমিক নং | আলোচনা | সিদ্ধান্ত | ব্যবস্থা গ্রহণকারী কর্মকর্তা/দপ্তর | সময় |
|---|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ |
| | বর্তমানে উপ-সহকারী প্রকৌশলী/শাখা কর্মকর্তা (যান্ত্রিক) পদে জনবল নিয়োগ প্রক্রিয়াধীন রয়েছে এবং সেক্ষেত্রে জনবল নিয়োগকালে অগ্রাধিকার ভিত্তিতে প্রকল্প সংশ্লিষ্ট মাঠ দপ্তরে ১ জন উপ-সহকারী প্রকৌশলী/শাখা কর্মকর্তা (যান্ত্রিক) পদায়নের তিনি আশ্বাস দেন। জনবল স্বল্পতার কারণে উক্ত দপ্তরে বর্তমানে কোন উপ-বিভাগীয় প্রকৌশলী (যান্ত্রিক) পদায়নের সুযোগ নেই বলেও সভাপতি সভায় উল্লেখ করেন। | | | |
| ৩। | অতি সম্প্রতি দেশের উত্তরাঞ্চলে বন্যা পরিস্থিতি সরেজমিনে পরিদর্শন কালে পানি সম্পদ মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী এবং প্রতিমন্ত্রী মহোদয়গণ কুড়িগ্রাম জেলার গুনাইগাছে ২০১৬-১৭ অর্থ-বছরে নির্মিত গ্রোয়েনের কার্যকারিতার ভূয়সী প্রশংসা করেন বলে সভাপতি সভাকে অবহিত করেন। এর প্রেক্ষিতে নির্মিত টি-গ্রোয়েনটির উজানে এবং ভাটিতে আরো ৭-৮ টি করে টি-গ্রোয়েন নির্মাণের সংস্থান রেখে একটি প্রকল্পের ডিপিপি প্রণয়নের জন্য মন্ত্রী মহোদয়ের নির্দেশনা রয়েছে বলে তিনি জানান। এমতাবস্থায়, সভাপতি মাননীয় মন্ত্রী মহোদয়ের নির্দেশনামাফিক কুড়িগ্রাম জেলায় টি-গ্রোয়েন নির্মাণের জন্য ডিপিপি প্রণয়ন করে আগামী ১ (এক) মাসের মধ্যে মন্ত্রণালয়ে দাখিলের জন্য নির্দেশনা দেন। সাম্প্রতিক বন্যায় বাপাউবো'র অবকাঠামোর ক্ষয়-ক্ষতি পুনর্বাসনকল্পে অনুন্নয়ন খাত হতে প্রয়োজনীয় বরাদ্দ পাওয়া যাবে না বিধায় কুড়িগ্রাম, লালমনিরহাট এবং দিনাজপুর জেলার ক্ষতিগ্রস্থ অবকাঠামো মেরামত/পুনর্বাসনকল্পে জেলাভিত্তিক ৩টি পৃথক ডিপিপি প্রণয়নের জন্যেও সভাপতি নির্দেশনা দেন এবং এই ৩টি ডিপিপিও আগামী ১ (এক) মাসের মধ্যে মন্ত্রণালয়ে দাখিলের নির্দেশনা দেন। সভাপতি অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা) -কে অনতিবিলম্বে এতদ্‌সংশ্লিষ্ট কারিগরী কমিটি গঠন করে দেয়ার জন্য অনুরোধ জানান। | মাননীয় মন্ত্রী, পানি সম্পদ মন্ত্রণালয় মহোদয়ের নির্দেশনার প্রেক্ষিতে কুড়িগ্রাম জেলায় টি-গ্রোয়েন নির্মাণের জন্য ১টি এবং কুড়িগ্রাম, লালমনিরহাট ও দিনাজপুর জেলায় বন্যায় ক্ষতিগ্রস্থ অবকাঠামোর মেরামত ও পুনর্বাসনকল্পে জেলা ভিত্তিক পৃথক ৩টি অর্থাৎ, মোট ৪টি প্রকল্পের ডিপিপি প্রণয়ন করে আগামী ১ (এক) মাসের মধ্যে মন্ত্রণালয়ে দাখিল করতে হবে। | অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা/ পশ্চিম রিজিওন)/ প্রধান প্রকৌশলী, উত্তরাঞ্চল। | অনতিবিলম্বে/ আগামী ১ (এক) মাসের মধ্যে। |
| ৪। | ২০১৭-১৮ অর্থ-বছরের অনুন্নয়ন রাজস্ব বাজেটে মাঠ পর্যায়ের দপ্তরসমূহের চাহিদার আলোকে বোর্ড কর্তৃক বিভাগওয়ারী কর্মসূচী ভিত্তিক বরাদ্দ চূড়ান্ত করা হয়েছে এবং বর্তমানে তা অনুমোদনের জন্য মন্ত্রণালয়ে প্রক্রিয়াধীন রয়েছে। সভাপতি বলেন যে, বাপাউবো'র সেচ প্রকল্পসমূহে জানুয়ারী হতে মার্চ মাস পর্যন্ত নিরবিচ্ছিন্ন সেচ সুবিধা প্রদানের স্বার্থে ডিসেম্বর মাসের মধ্যেই বাস্তবায়িত সেচ প্রকল্পসমূহে অনুন্নয়ন রাজস্ব খাতের অর্থায়নে প্রয়োজনীয় মেরামত ও রক্ষণাবেক্ষণ কার্যক্রম সম্পন্ন করা বাঞ্ছনীয়। এমতাবস্থায়, পওর পরিদপ্তর হতে সেচ প্রকল্পসমূহে অনুন্নয়ন খাতের বরাদ্দ জেনে নিয়ে এখনি দরপত্র আহবান করার জন্য সভাপতি নির্দেশনা দেন এবং ডিসেম্বর মাসের মধ্যেই সেচ প্রকল্পসমূহে কাজ সম্পন্ন করার নির্দেশ দেন। কাজের স্বার্থে সভাপতি পরিচালক, পওর -কে সত্তর সেচ ও হাওর প্রকল্পসমূহের অনুকূলে প্রণীত/প্রস্তাবিত বরাদ্দ মাঠ দপ্তরে প্রেরণের নির্দেশনা দেন। মাঠ পর্যায়ের কোন বিভাগীয় দপ্তর যদি ডিসেম্বর মাসের মধ্যে কাজ সম্পাদন করতে ব্যর্থ হয় এবং প্রদানকৃত বরাদ্দ থেকে অর্থ অব্যয়িত থেকে যায়, সেক্ষেত্রে সংশ্লিষ্ট দপ্তরের নির্বাহী প্রকৌশলীর বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা হবে বলেও সতর্ক করে দেন। সভাপতি প্রত্যেক জোনের প্রধান প্রকৌশলীগণকে তাদের স্ব স্ব জোনে বিষয়টির সার্বিক তত্ত্বাবধায়নের নির্দেশ দেন। | • আগামী জানুয়ারী মাসের শুরু থেকেই বাপাউবো'র সকল সেচ প্রকল্প এলাকায় সেচ সুবিধা প্রদান করতে হবে।<br>• সেচ সুবিধা প্রদানের স্বার্থে অনুন্নয়ন খাত থেকে প্রকল্পের মেরামত ও রক্ষণাবেক্ষণের জন্য কোন বরাদ্দ প্রদান করা হয়ে থাকলে পওর পরিদপ্তর হতে তা নিশ্চিত হয়ে এখনি কাজের দরপত্র আহবান করতে হবে এবং ডিসেম্বর মাসের মধ্যেই কাজ সম্পন্ন করতে হবে।<br>• ডিসেম্বর মাসের মধ্যে সেচ প্রকল্পের কাজ সম্পাদনে ব্যর্থ হলে এবং বরাদ্দ অব্যয়িত থেকে গেলে সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলীর বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। | সকল জোনের প্রধান প্রকৌশলীগণ। | বর্ণনামতে। |

| ক নং | আলোচনা | সিদ্ধান্ত | ব্যবস্থা গ্রহণকারী কর্মকর্তা/দপ্তর | সময়সীমা |
|---|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ |
| ৫। | এডিবি'র ঋণ সহায়তায় বাস্তবায়নাধীন "Irrigation Management Improvement Project (IMIP)- For Muhuri Irrigation Project" শীর্ষক প্রকল্পটি জুলাই, ২০১৪ হতে বাস্তবায়নাধীন রয়েছে। প্রকল্পটির ভৌত কাজ আরম্ভ করতে বিলম্ব হয় এবং এর ফলে ৩ (তিন) বছরে প্রকল্পটির মাত্র ২১.০০% বাস্তব অগ্রগতি সাধিত হয়েছে। সভাপতি জানান যে, চলতি মাসের প্রারম্ভে প্রকল্পটির একটি কর্মশালায় এডিবি'র প্রতিনিধি প্রকল্পের দরপত্র প্রণয়ন ও প্রক্রিয়াকরণে প্রকল্প ব্যবস্থাপনা দপ্তর বিলম্ব করায় প্রকল্পের বাস্তব অগ্রগতি কম হয়েছে বলে মাননীয় মন্ত্রী, পানি সম্পদ মন্ত্রণালয় মহোদয়কে অবহিত করেন। এর প্রেক্ষিতে মন্ত্রী মহোদয়ের নির্দেশক্রমে সভাপতি সংশ্লিষ্ট প্রকল্প পরিচালককে প্রকল্পটিতে প্যাকেজওয়ারী দরপত্র দলিল এবং দরপত্র মূল্যায়ন প্রতিবেদন কত তারিখে এডিবি'র সম্মতির জন্য প্রেরণ করা হয়েছে এবং কত তারিখে চূড়ান্তভাবে সম্মতি পাওয়া গেছে এতদ্সংক্রান্ত তথ্য সম্বলিত প্রতিবেদন অতি সত্ত্বর বোর্ডে দাখিলের নির্দেশনা দেন। | ইমিপ প্রকল্পে প্যাকেজওয়ারী দরপত্র দলিল এবং দরপত্র মূল্যায়ন প্রতিবেদন এডিবিতে সম্মতির জন্য পাঠানোর তারিখ এবং প্রেরিত দলিল এবং প্রতিবেদনে এডিবি কর্তৃক সম্মতি প্রদানের তারিখ সম্বলিত প্রতিবেদন প্রণয়ন করে বোর্ডে দাখিল করতে হবে। | সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক। | অতিসত্ত্বর। |
| ৬। | বিশ্ব ব্যাংকের ঋণসহায়তায় বাস্তবায়নধীন "Climate Agricultural Water Management Project (CSAWMP)" শীর্ষক প্রকল্পটি ২৯/১২/২০১৬ তারিখে মাননীয় মন্ত্রী, পরিকল্পনা মন্ত্রণালয় অনুমোদন করলেও বিশ্বব্যাংকের সাথে সরকারের টিপিপি ঋণ চুক্তি গত ০৬/০৬/২০১৭ তারিখে স্বাক্ষরিত হয়। ফলে প্রকল্পের কার্যক্রম আরম্ভ করতে প্রায় ৬ মাস বিলম্ব হয়। এই বিলম্বের ফলে প্রকল্পের ৬ মাস মেয়াদ বৃদ্ধিসহ টিপিপি সংশোধনের প্রয়োজন দেখা দিয়েছে। প্রস্তাবিত টিপিপি অনুযায়ী প্রকল্পের বর্ধিত ব্যয়ের অর্থের সংস্থান দাতা সংস্থা করতে সম্মত না হওয়ায় জিওবি অর্থায়নে তা প্রস্তাব করা হয়েছে। এর পরিপ্রেক্ষিতে সভাপতি প্রকল্পটির Mode of Financing বিষয়ে বোর্ডের Discontent এর বিষয়টি দাতা সংস্থাকে অবহিত করার জন্য সংশ্লিষ্ট প্রকল্প পরিচালককে নির্দেশনা দেন। এই প্রকল্পসহ বৈদেশিক ঋণ সহায়তায় চলমান অন্যান্য প্রকল্পসমূহ হতে শিক্ষণীয় বিষয়সমূহের আলোকে বর্তমানে চলমান এবং ভবিষ্যতে বৈদেশিক ঋণ সহায়তায় গৃহীতব্য সকল প্রকল্পের ক্ষেত্রে নিম্নোক্ত বিষয়সমূহ কঠোরভাবে সংশ্লিষ্ট প্রকল্প পরিচালকদের অনুসরণের জন্য সিদ্ধান্ত দেনঃ<br>(ক) বৈদেশিক ঋণ সহায়তায় প্রকল্প গ্রহণের ক্ষেত্রে প্রকল্পের ডিপিপি প্রণয়নের আগে দাতা সংস্থার সাথে সরকারের ঋণচুক্তি সম্পাদন করতে হবে এবং সম্পাদিত ঋণচুক্তির আলোকেই প্রকল্পের ডিপিপি প্রণয়ন করতে হবে।<br>(খ) একাধিক বাস্তবায়নকারী সংস্থার সমন্বয়ে বৈদেশিক ঋণ সহায়তায় কোন Umbrella Project এর ডিপিপি প্রণয়ন করতে হলে সংশ্লিষ্ট সকল সংস্থার সমীক্ষা সম্পন্ন হলেই ঋণচুক্তি করে ডিপিপি প্রণয়ন করতে হবে।<br>(গ) প্রকল্পের Aide Memoire বোর্ডের স্বার্থ সংশ্লিষ্ট এবং সুস্পষ্ট হতে হবে। বৈদেশিক ঋণ সহায়তার অর্থ একটি নির্দিষ্ট মেয়াদের মধ্যে সরকারকেই পরিশোধ করতে হয় বিধায় তা পুরোপুরি সরকারের অর্থায়নে প্রকল্প এবং সে কারণে দাতা সংস্থাকে অন্যায্য শর্ত আরোপের সুযোগ দেয়া যাবে না।<br>(ঘ) বৈদেশিক ঋণ সহায়তায় বাস্তবায়নাধীন/ গৃহীতব্য প্রকল্পের Aide Memoire এবং Loan Agreement সম্পাদন বিষয়ে বোর্ড কর্তৃক অতিশীঘ্র একটি কমিটি গঠন করে দেয়া হবে এবং কমিটি কর্তৃক তা রিভিউ করে চূড়ান্ত করতে হবে।<br>(ঙ) বৈদেশিক ঋণ সহায়তায় বাস্তবায়নাধীন সকল প্রকল্পের বৈদেশিক মিশন বাংলাদেশ ভ্রমণকালে মন্ত্রণালয়ে Wrap-up Meeting অনুষ্ঠানের পূর্বে বোর্ডে একটি Wrap-up Meeting আয়োজন করতে হবে এবং বোর্ড পর্যায়ের Wrap-up Meeting এ উদ্ভূত Query এর ফয়সালা না হওয়া পর্যন্ত মন্ত্রণালয়ে Wrap-up Meeting করা যাবে না। | | | |
| ৭। | সভায় নিম্নোক্ত সাধারণ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ<br>(ক) বোর্ডের Chain of Command রক্ষার্থে মাঠ পর্যায়ের নির্বাহী প্রকৌশলীগণ সংশ্লিষ্ট জোনের প্রধান প্রকৌশলী/ তত্ত্বাবধায়ক প্রকৌশলীকে অবহিত না করে কোন অবস্থাতেই কর্মস্থল ত্যাগ করতে পারবেন না। বোর্ড পর্যায়ে কোন নির্বাহী প্রকৌশলীকে সদর দপ্তরে তলব করা হলেও তা সংশ্লিষ্ট জোনের প্রধান প্রকৌশলীকে অবহিত করে কর্মস্থল ত্যাগ করতে হবে।<br>(খ) প্রকল্প সমাপ্তির ৩ (তিন) মাসের মধ্যে সমাপ্তকৃত সকল প্রকল্পের প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (পিসিআর) আইএমইডিতে পৌছানোর জন্য ২০১৬-১৭ অর্থ-বছরে সমাপ্তকৃত ২৪টি প্রকল্পের পিসিআর আগামী ২ (দুই) সপ্তাহের মধ্যে প্রসেসিং সেকশন দপ্তরে দাখিল করতে হবে।<br>(গ) নতুন গৃহীতব্য সকল্প প্রকল্পের ডিপিপিতে প্রকল্পের প্রারম্ভে, মধ্য-মেয়াদে এবং সমাপ্তিকালে প্রকল্প এলাকায় জনপ্রতিনিধি, প্রশাসন ও জণগনকে নিয়ে নূন্যতম ৩ (তিন) টি করে কর্মশালা আয়োজনের সংস্থান রাখতে হবে।<br>(ঘ) বাস্তবায়নাধীন/ বাস্তবায়িতব্য যে সকল প্রকল্পের নকশা প্রকল্পে নিয়োগকৃত পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক সম্পাদন করা হয়, সে সকল নকশা বোর্ডের সংশ্লিষ্ট নকশা সার্কেল কর্তৃক ভেটিং করিয়ে নিয়ে পরমর্শক প্রতিষ্ঠানের প্রণীত নকশার পুরো দায়িত্বভার সরাসরি বোর্ডে নেয়া সমীচীন হবে না বলে বোর্ড মনে করে এবং এতদ্বিষয়ে গৃহীত সিদ্ধান্ত যথাদ্রুত সার্কুলার জারীর মাধ্যমে বোর্ড প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। | | | |

৮। **অর্থ অবমুক্তি ও ব্যয় ঃ**

সভায় চীফ মনিটরিং অবহিত করেন যে, ২০১৭-২০১৮ অর্থ বছরে পানি উন্নয়ন বোর্ডের এডিপিভুক্ত বাস্তবায়নাধীন ৬৯টি প্রকল্পের জন্য মোট ৪৫২৭.৪৮ কোটি টাকা বরাদ্দের অনুকূলে- ২০ আগষ্ট, ২০১৭ পর্যন্ত ১০০.৭৯ কোটি (বরাদ্দের ২.২৩%) টাকা অবমুক্ত হয়েছে এবং ৬.৬৩ কোটি (বরাদ্দের ০.১৫%) টাকা ব্যয় হয়েছে।

৯। **সার্বিক অগ্রগতি ঃ**

২০ আগষ্ট, ২০১৭ পর্যন্ত পানি উন্নয়ন বোর্ডের এডিপিভুক্ত বাস্তবায়নাধীন ৬৯টি প্রকল্পের বাস্তব ও আর্থিক অগ্রগতি যথাক্রমে ০.৫৩% এবং ০.১৫%। বিগত বছরের ৩১ আগষ্ট পর্যন্ত বাস্তব ও আর্থিক অগ্রগতি ছিল যথাক্রমে ০.৫৯% ও ০.২৭%।

অন্য কোন আলোচ্যসূচী না থাকায় সভাপতি উপস্থিত কর্মকর্তাগণকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৪/০৯/২০১৭

**(মোঃ মাহফুজুর রহমান)**
**মহাপরিচালক**

স্মারক নংঃ পিএস/এম-২/২৮৫ (৫৮) তারিখঃ ০৫-০৯-২০১৭ খ্রিঃ

বিতরণ (জেষ্ঠ্যতার ভিত্তিতে নয়) (সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে)ঃ

(ক) বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড ঃ

১-৫। অতিরিক্ত মহাপরিচালক, (পূর্ব রিজিওন/পশ্চিম রিজিওন/পরিকল্পনা/প্রশাসন/অর্থ) বাপাউবো, ঢাকা।
৬-৮। প্রধান মনিটরিং / প্রধান পরিকল্পনা/ প্রধান, প্রশিক্ষণ ও কর্মচারী উন্নয়ন, বাপাউবো, ঢাকা।
৯-২০। প্রধান প্রকৌশলী, নকশা/ পওর/ পানি বিজ্ঞান/ কেন্দ্রীয় অঞ্চল/ দক্ষিণ-পশ্চিমাঞ্চল/ পশ্চিমাঞ্চল/ দক্ষিণ-পূর্বাঞ্চল/ উত্তর-পূর্বাঞ্চল/ পূর্বাঞ্চল/ উত্তর-পশ্চিমাঞ্চল/ উত্তরাঞ্চল/ দক্ষিণাঞ্চল, বাপাউবো, ঢাকা/ খুলনা/ ফরিদপুর/ চট্টগ্রাম/ সিলেট/ কুমিল্লা/ রাজশাহী / রংপুর/ বরিশাল।
২১-২৩। প্রধান প্রকৌশলী, এমই/ ড্রেজার / ভাগ্যকুল প্রশিক্ষণ ইনস্টিটিউট, বাপাউবো, ঢাকা/ নারায়ণগঞ্জ/ মুন্সিগঞ্জ।
২৪-২৫। নিয়ন্ত্রক (অর্থ ও হিসাব)/ প্রধান, পানি ব্যবস্থাপনা, বাপাউবো, ঢাকা।
২৬। সচিব, বাপাউবো, ঢাকা।
২৭-৩৯। প্রকল্প পরিচালক, সিডিএসপি-৪/ সাউথ ওয়েষ্ট-২/ ড্রেজার ক্রয়/ ক্যাপিটাল পাইলট ড্রেজিং/ ইসিআরআরপি/ সিইআইপি-১/ গঙ্গা ব্যারেজ/ এফআরইআরএমআইপি/ ইমিপ/ হাওর ফ্ল্যাড ম্যানেজমেন্ট এন্ড লাইভলিহুড ইম্প্রুভমেন্ট/ হাইড্রোলজিক্যাল ইনফরমেশন এন্ড আর্লি ওয়ার্নিং/ ক্লাইমেট স্মার্ট এগ্রিকালচারাল ওয়াটার ম্যানেজমেন্ট/ সীমান্ত নদী তীর সংরক্ষণ, বাপাউবো, ঢাকা।
৪০-৫৪। পরিচালক, পরিকল্পনা- ১ / ২/ ৩ / কার্যক্রম / পওর/ কন্ট্রাক্ট এন্ড প্রকিউরমেন্ট সেল/ভূমি ও রাজস্ব/ কর্মচারী উন্নয়ন / প্রশিক্ষণ/ অর্থ / হিসাব রক্ষণ/ অডিট/ কর্মচারী পরিদপ্তর / জনসংযোগ / প্রকল্প মূল্যায়ন, বাপাউবো, ঢাকা।
৫৫। সি এস ও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।

(খ) পানি সম্পদ মন্ত্রণালয় ঃ

১। মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, গণ-প্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, গণ-প্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, গণ-প্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৫/০৯/১৭

পরিচালক
প্রসেসিং সেকশন
বাপাউবো, ঢাকা।